দৈনিক সংবাদ

32

তারিখ: 23 JAN 1996 পৃষ্ঠা ৫ কলাম ৪

# গাজীপুরে সাতদিনব্যাপী বইমেলা অনুষ্ঠিত

গাজীপুর, ২২শে জানুয়ারি (নিজস্ব সংবাদদাতা)।– গাজীপুর জেলা প্রশাসনের উদ্যোগে গ্রন্থদিবস ও গ্রন্থসপ্তাহ উপলক্ষে ৭ দিনব্যাপী বইমেলা গত ১লা থেকে ৭ই জানুয়ারি জেলা সদরের কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়েছে। গত বছরের চেয়ে এ বছর বইমেলা বেশ জমজমাট হয়ে উঠেছিল। বইমেলায় পুস্তক ব্যবসায়ী সমিতিসহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠান ও সংস্থা ১৫টি স্টল করে। বইমেলা উপলক্ষে প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ পর্যায়ে ছাত্র-ছাত্রীদের চিত্রাংকন, হস্তলিখন, কবিতা আবৃত্তি, উপস্থিত বক্তৃতা ও রচনা প্রতিযোগিতার আয়োজন করা হয়। এছাড়া প্রতিদিন সন্ধ্যায় এলাকার বিভিন্ন সাংস্কৃতিক সংগঠন পরিবেশন করে সাংস্কৃতিক অনুষ্ঠান, নৃত্যনাট্য ও নাটক।

বইমেলা উপলক্ষে ১লা জানুয়ারি এক বর্ণাঢ্য শোভাযাত্রা বের করা হয়। এরপর মূল অনুষ্ঠান মঞ্চ থেকে বইমেলার উদ্বোধন করেন গাজীপুরের জেলা প্রশাসক মোঃ নজরুল ইসলাম। অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এ কে এম আবদুল আউয়াল মজুমদারের সভাপতিত্বে উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখেন মোঃ নূরুল ইসলাম ভাওয়ালরত্ন, অধ্যাপক অবনী কুমার বর্মণ, অধ্যাপক এম এ বারী, অধ্যাপক মোঃ আবদুল মজিদ, মোঃ আবুল বাশার, অধ্যাপক মুকুল কুমার মল্লিক। স্টল দিয়ে 'বইপোকা' ১ম, শিশু একাডেমি ২য় এবং বন্ধুমহল ৩য় স্থান লাভ করে। সাংস্কৃতিক ও নাট্যানুষ্ঠান পরিবেশন করে ১ম, ২য় ও ৩য় স্থান লাভ করে যথাক্রমে প্রত্যয় সাংস্কৃতিক সংস্থা, বাল্যশিক্ষা এবং আনন্দধারা। ৭ই জানুয়ারি সমাপনী দিবসে পুরস্কার বিতরণ করেন গাজীপুরের জেলা প্রশাসক।

এ অনুষ্ঠানে সভাপতিত্ব করেন অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মোঃ আবুল কালাম আজাদ।